

# যায়যায়দিন

তারিখ 20 MAR 2012  
পৃ ১০

## দিনাজপুর শিক্ষাবোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে

দিনাজপুর প্রতিদিন

দিনাজপুর শিক্ষাবোর্ডের অধীনে এ বছরের এইচএসসি পরীক্ষায় গত বছরের তুলনায় ১২ হাজার পরীক্ষার্থী বেড়েছে। চলতি বছর পরীক্ষায় অংশ নেবে ৮৭ হাজার ১৫৯ জন। গত বছর ৭৫ হাজার ১০৬ জন পরীক্ষায় অংশ নিয়ে ছিল। এ বছর ১৬৬টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ডোফাজুর রহমান জানান, আগামী ১ এপ্রিল থেকে অনুষ্ঠিতব্য এ বছরের এইচএসসি পরীক্ষায় বৃহত্তর রংপুর ও দিনাজপুরের ৮টি জেলায় ৫০৪টি কলেজের ৮৭ হাজার ১৫৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। যার মধ্যে ৪৩ হাজার ৮২৭ জন ছাত্র ও ৪৩ হাজার ৩৩২ জন ছাত্রী। জামা যার, দিনাজপুর জেলায় ১৭ হাজার ৮৩৭ জন, রংপুর জেলায় ১৬ হাজার ৭০২ জন, গাইবান্ধা

জেলায় ৯ হাজার ৮৩০ জন, নীলফামারী জেলায় ১০ হাজার ৭১৭ জন, কুড়িগ্রাম জেলায় ১০ হাজার ১০৬ জন, লালমনিরহাট জেলায় ৬ হাজার ৫৫১ জন, ঠাকুরগাঁও জেলায় ৮ হাজার ৯০৩ জন ও পঞ্চগড় জেলায় ৬ হাজার ৬৮৯ জন পরীক্ষার্থী এ বছর পরীক্ষায় অংশ নেবে। বিজ্ঞান বিভাগে ১৭ হাজার ৩৪৮ জন, মানবিক বিভাগে ৫৩ হাজার ৬৭৬ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে ১৬ হাজার ১০০ জন পরীক্ষার্থী রয়েছে। মোট পরীক্ষার্থীর ৬৫ হাজার ২৯১ জন নিয়মিত, ২১ হাজার ১১৫ জন অনিয়মিত, ৬০২ জন জিপিএ ও প্রাইভেট ১৫১ জন। শিক্ষা বোর্ডের সচিব আব্দুল মজিদ জানান, সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। প্রতিটি কেন্দ্রে একটি করে কেন্দ্র কমিটি গঠন করার জন্য ইতোমধ্যেই পত্র প্রেরণ করা হয়েছে।

### এইচএসসি পরীক্ষা